



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer Work Sheet- 3

Class: 4



Subject: Bengali Grammar: (বোধশক্তির বিচার)

Date: 04/07/2020

প্রশ্ন - উত্তর :-

১) মরুভূমিতে কী থাকে ?

উঃ মরুভূমিতে বালি থাকে ।

২) মরুভূমিতে চলাচলের একমাত্র বাহন কী?

উঃ মরুভূমিতে চলাচলের একমাত্র বাহন হল উট ।

৩) প্রধানত কোন কোন মহাদেশের মরুভূমিতে উট দেখা যায় ?

উঃ এশিয়া ও আফ্রিকা মহাদেশের মরুভূমিতে উট দেখা যায় ।

৪) উটকে মরুভূমির জাহাজ কেন বলা হয় ?

উঃ মরু অঞ্চলের ব্যবসায়ীরা উটের পিঠে মাল চাপিয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় পণ্যদ্রব্য নিয়ে যায় তাই উটকে মরুভূমির জাহাজ বলে ।

৫) মরুবাসীদের প্রধান খাদ্য কী ?

উঃ উটের দুধ ও মাংস মরুবাসীদের প্রধান খাদ্য ।

৬) কী বিশেষ কারনের জন্য উট উত্তপ্ত মরুভূমিতে চলাফেরা করতে পারে ?

উঃ উটের পায়ের তলা এমনভাবে তৈরি যে সহজেই উট উত্তপ্ত মরুভূমিতে চলতে পারে ।

৭) ভারতে অবস্থিত একটি বড় মরুভূমির নাম লেখ ?

উঃ থর মরুভূমি

৮) শূন্যস্থান পূরণ কর -

ক) পিঠে অনেকটা বোঝা নিয়ে চলতে উট অসুবিধা বোধ করে না ।

খ) পথিক মরীচিকাকে জল বলে ভুল করে ।

গ) মরুভূমিতে মাঝে মাঝে বালির দুরন্ত ঝড় ওঠে ।

৯) সঠিক শব্দটি খুঁজে বাক্যটি লেখ -

ক) এশিয়া এবং আফ্রিকা মহাদেশে (জঙ্গলে /মরুভূমিতে) উট দেখা যায় ।

উঃ) এশিয়া এবং আফ্রিকা মহাদেশে মরুভূমিতে উট দেখা যায় ।

খ) উটের (লোম /লালা) দিয়ে কাপড় তৈরি হয় ।

উঃ) উটের লোম দিয়ে কাপড় তৈরি হয় ।

গ) উট মরুভূমিতে (ক্ষুদার্ত/তৃষণার্থ) পথিকের জীবন বাঁচায় ।

উঃ) উট মরুভূমিতে তৃষণার্থ পথিকের জীবন বাঁচায় ।

১০)বাক্য রচনা কর -

ক) মরুভূমি = মরুভূমিতে জল পাওয়া যায় না ।

খ) অসুবিধা = আমার লিখতে অসুবিধা হচ্ছে ।

গ) পথিক = পথিকটি পথ হারিয়েছে ।

ঘ) অনায়াসে = আমি অনায়াসে অঙ্কটা করে ফেললাম ।

১১) ঠিক বা ভুল লেখ ---

ক) রাত্রিবেলা মরুভূমিতে বালি খুব গরম থাকে । ভুল

খ) মরুবাসীরা উটের দুধ পান করে । ঠিক

গ) গরুকে মরুভূমির জাহাজ বলে । ভুল